



জাতীয় পেনশন কর্তৃপক্ষ

৪৩, কাকরাইল, ঢাকা

www.upension.gov.bd

প্রেস রিলিজ

জাতীয় পেনশন কর্তৃপক্ষের নিউজ বুলেটিন 'সর্বজনীন পেনশন বার্তার' ১ম সংখ্যার মোড়ক উন্মোচন

আজ ২৯ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখ জাতীয় পেনশন কর্তৃপক্ষ কর্তৃক সর্বজনীন পেনশন কার্যক্রম নিয়ে 'সর্বজনীন পেনশন বার্তা' শিরোনামে বুলেটিনের ১ম সংখ্যা প্রকাশ করা হয়। এ উপলক্ষে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মেলনক্ষেত্রে মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ওয়াসিকা আয়শা খান এমপি। এ সময় অর্থ বিভাগের সচিব ড. মো: খায়েরুজ্জামান মজুমদার, জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান জনাব কবিরুল ইজদানী খান, অর্থ বিভাগের বিভিন্ন উইংয়ের অতিরিক্ত সচিবগণ এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান সর্বজনীন পেনশন স্কিমের বিভিন্ন কার্যক্রম ও হালনাগাদ অবস্থা অর্থ প্রতিমন্ত্রী মহোদয়কে অবহিত করেন। তিনি আরো জানান যে, আজ ২৯ এপ্রিল ২০২৪ তারিখ সর্বজনীন পেনশন স্কিমের নিবন্ধন সংখ্যা ১ লক্ষ মাইলফলক অতিক্রম করেছে। সর্বজনীন পেনশন স্কিমের নিবন্ধনের এ সাফল্যের পেছনে মুখ্য ভূমিকা পালন করেছে সরকারের মাঠ পর্যায়ের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ। বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ সর্বজনীন পেনশন স্কিমে জনগণকে উদ্বুদ্ধকরণে কার্যকর ভূমিকা রেখেছেন। এছাড়াও স্থানীয় জনপ্রতিনিধিবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রীর এ মহতী উদ্যোগকে সফলভাবে বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

মাননীয় প্রতিমন্ত্রী বুলেটিনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে আশা প্রকাশ করেন যে, এ বুলেটিনের মাধ্যমে সর্বজনীন পেনশন সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে জনগণ আরো বিস্তারিত জানতে পারবে এবং উপকৃত হবে। মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনের পর সর্বজনীন পেনশন স্কিম কার্যক্রম বাস্তবায়নে জনগণকে উদ্বুদ্ধকরণে সরকারের সকল পর্যায়ের কর্মকর্তাদের প্রশংসনীয় ভূমিকার প্রতি মাননীয় প্রতিমন্ত্রী গুরুত্বারোপ করেন। তিনি তার বক্তব্যে জাতীয় পেনশন কর্তৃপক্ষের কাজের প্রশংসা করেন এবং এর ভবিষ্যৎ সাফল্য কামনা করেন।